অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/14/2025 **গভর্নর ক্যাথি হোকল**

পরিবার গঠন শুরু করার জন্য নিউ ইয়র্ককে সবচেয়ে সেরা ও সাশ্রয়ী স্থান হিসেবে গড়ে তুলতে গভর্নর হোকল নতুন কর্মসূচি চালু করেছেন

100,000 নবজাতকের জন্য বিনামূল্যে মাতৃস্বাস্থ্য ও নবজাতক সরবরাহ বক্স; নিউ ইয়র্ক স্টেটের প্রথম BABY বেনিফিট সুবিধা নিম্ন আয়ের পরিবারগুলোকে সহায়তা করবে

নিউ ইয়র্ক কোয়ালিশন ফর চাইল্ড কেয়ার নিউ ইয়র্ককে সার্বজনীন শিশুর যত্নের সঠিক পথে নিয়ে যেতে তহবিল সংশ্লিষ্ট কৌশলগুলোর উন্নয়ন ঘটাবে

2.7 মিলিয়নেরও বেশি শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে স্কুল ব্রেকফাস্ট ও লাঞ্চ

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ তার 2025 সালের স্টেট অব দ্য স্টেট (State of the State) ভাষণের অংশ হিসেবে পরিবার গঠন শুরু করার জন্য নিউ ইয়র্ককে একটি সেরা এবং সবচেয়ে সাশ্রয়ী স্থান গড়ে তোলার জন্য নতুন উদ্যোগ ঘোষণা করেছেন। এই উদ্যোগগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে পরিবার গঠন শুরু করতে চাওয়া মানুষদের জন্য গর্ভধারণ সম্পর্কিত কভারেজ সম্প্রসারণ, গর্ভাবস্থায় এবং জন্মের সময় অভিভাবকদের জন্য গুরুত্বপূর্ণ আর্থিক সহায়তা প্রদান, মহিলা, শিশু এবং বাচ্চাদের জন্য বিশেষ পরিপূরকমূলক পুষ্টি প্রোগ্রাম (Special Supplemental Nutrition Program for Program for Women, Infants, and Children, WIC)-এর সম্প্রসারণ, জাতীয়ভাবে WIC নিবন্ধন বৃদ্ধি করতে নিউ ইয়র্ককে জাতীয়ভাবে প্রতিষ্ঠিত করা এবং একটি নিবেদিত অভিভাবক রিসোর্স সেন্টার ওয়েবপেজ তৈরি করা যাতে গুরুত্বপূর্ণ রিসোর্সের অ্যাক্সেসিবিলিটি আধুনিক হয়।

"নিউ ইয়র্কের প্রথম মা গভর্নর হিসেবে, আমি জানি যে একটি পরিবার পরিচালনা করা কতটা কঠিন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমরা মাতৃ ও শিশুর স্বাস্থ্যের উপর জোর দিচ্ছি, কারণ প্রতিটি পরিবার একটি চাপমুক্তভাবে শুরু করার অধিকার রাখে। আমাদের নৈতিক দায়িত্ব হলো শিশু, অভিভাবক এবং পরিবারগুলোকে সহায়তা করার জন্য আমাদের সক্ষমতা অনুযায়ী সবকিছু করা — একটি পরিবার গড়ে তোলার জন্য নিউ ইয়র্ককে পৃথিবীর সেরা জায়গা করে তোলা।"

শিশু এবং পিতামাতাদের জন্য একটি শুভ সূচনা নিশ্চিত করা

100,000 শিশুর জন্য বিনামূল্যে ডায়াপার এবং অন্যান্য সামগ্রী
গভর্নর Hochul (হোকল) বেবি2বেবি (Baby2Baby) নামক — প্রতি বছর দারিদ্য সীমার নিচে বসবাসকারী দশ লক্ষ শিশুকে প্রয়োজনীয় সামগ্রী সরবরাহকারী একটি জাতীয় অলাভজনক সংস্থা — এর সঙ্গে অংশীদারিত্ব করবেন, যাতে মেডিকেইড (Medicaid)-এ নিবন্ধিত সমস্ত গর্ভবতী মা এবং নিম্ন আয় সীমায় সেবা প্রদানকারী কমিউনিটি-ভিত্তিক সংগঠন ও হাসপাতালে আসা ব্যক্তিদের জন্য মাতৃস্বাস্থ্য এবং নবজাতকের সামগ্রী বাক্স প্রদান করা যায়। এই বাক্সগুলোতে রিসোর্স, শিক্ষামূলক উপকরণ, আত্ম-যত্নমূলক সামগ্রী এবং ডায়াপার থাকবে। এই প্রস্তাবটি পাশ হয়ে বাস্তবায়ন হলে প্রায় 100,000 টি শিশুর পরিবারের কাছে এই সুবিধাবলি পৌঁছাবে বলে আশা করা হচ্ছে।

গভর্নর Hochul (হোকল) নিম্ন-আয়ের পরিবারগুলোর জন্য লক্ষ লক্ষ ডায়াপার সরবরাহ করবেন এবং প্রতি বছর সেই সংখ্যাটি বাড়ানোর পরিকল্পনা করেছেন। এছাড়াও গভর্নর Hochul (হোকল) মাতৃসংশ্লিষ্ট আচরণগত স্বাস্থ্যসেবার সম্প্রসারণ এবং নিউ ইয়র্ক স্টেটের উচ্চ চাহিদাসম্পন্ন কমিউনিটিগুলোতে মানসিক স্বাস্থ্যসেবাকে প্রসূতি ও স্ত্রীরোগবিদ্যা (OBGYN) অনুশীলনের সাথে একীভূত করার মাধ্যমে পূর্ববর্তী বিনিয়োগগুলোর উপর ভিত্তি করে আরো উন্নতি নিশ্চিত করবেন।

Baby2Baby-এর সহ-প্রধান নির্বাহী কর্মকর্তা Kelly Sawyer Patricof (কেলি সয়ার প্যাট্রিকফ) এবং Norah Weinstein (নোরা ওয়েইনস্টাইন) বলেন, "আমরা নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত যা মা এবং শিশুদের প্রয়োজনীয় মিলিয়ন মিলিয়ন ডায়াপার এবং গুরুত্বপূর্ণ সামগ্রী প্রদান করবে। আমরা এক দশকেরও বেশি সময় ধরে নিউ ইয়র্কের পরিবারগুলোকে সেবা প্রদান করে আসছি এবং মাতৃস্বাস্থ্য নিয়ে গভর্নর Hochul (হোকল)-এর যৌথ প্রতিশ্রুতির জন্য আমরা কৃতজ্ঞ, যার ফলে আমরা আমাদের সমর্থন বৃদ্ধি করতে পেরেছি এবং সবচেয়ে অভাবী পরিবারগুলোকে তাদের প্রয়োজনীয় এবং প্রাপ্য মৌলিক সামগ্রী সরবরাহ করতে সক্ষম হয়েছি।"

বার্থ অ্যালোয়েন্স ফর বিগেনিং ইয়ার (BABY) সুবিধা চালু
গভর্নর Hochul (হোকল)-এর গর্ভবতী নারী, নতুন পিতামাতা এবং শিশুদেরকে সহায়তার রেকর্ডকে ভিত্তি করে, গভর্নর Hochul (হোকল) মাতৃত্ব এবং শিশু স্বাস্থ্য উন্নত করার জন্য আরেকটি জাতীয়ভাবে অগ্রণী আইনের প্রস্তাব উত্থাপন করবেন যা নিম্ন-আয়ের পিতামাতাদের গর্ভাবস্থা এবং জন্মদানের সময় একটি ভাতা — নিউ ইয়র্ক স্টেট বার্থ অ্যালোয়েন্স ফর বিগেনিং ইয়ার (Birth Allowance for Beginning Year, BABY) সুবিধা — প্রদানের মাধ্যমে কার্যকর হবে। নিউ ইয়র্কের সবচেয়ে পিছিয়ে পড়া পরিবারের অর্থনৈতিক সুরক্ষা নিশ্চিত করার জন্য, গভর্নর Hochul (হোকল) গর্ভাবস্থার সময় প্রতি মাসে 100 মার্কিন ডলার এবং সন্তান জন্মের সময় 1,200 সহায়তা প্রদান করবেন যা জনসাধারণের সহায়তা প্রাপ্ত নিউ ইয়র্কবাসীদের জন্য প্রযোজ্য — এই পদক্ষেপটি নিউ ইয়র্কে বসবাসরত হাজার হাজার পরিবারের আয়ের পরিমাণ বৃদ্ধি করবে।

গর্ভবতী নারী ও শিশুদের জন্য বাড়তি সহায়তা প্রদান করা শিশুদের দরিদ্রতা হ্রাস করার একটি কার্যকরী উপায় যা পিতামাতা ও সন্তানের জন্য একটি আদর্শ ভিত্তি নিশ্চিত করতে সহায়তা করে

এবং কর্মজীবী পরিবারের জন্য নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করে তোলে। একটি শিশুর জন্মের ফলে পরিবারের খরচ বাড়ার পাশাপাশি প্রায়শই আয়ের সাময়িক হ্রাস ঘটায় কারণ পিতামাতা তাদের নবজাতকের যত্ন নেওয়ার জন্য সময় নেন।

বন্ধ্যাত্ব চিকিৎসা ব্যবস্থার সম্প্রসারণ
যুক্তরাষ্ট্রে 10 শতাংশের বেশি সন্তান ধারণক্ষম মহিলা প্রজনন সমস্যায় ভোগেন এবং যদিও প্রজনন সংরক্ষণের জন্য নতুন চিকিৎসা পদ্ধতি বিদ্যমান তারপরও এই চিকিৎসাগুলোর প্রাপ্যতা প্রায়ই সীমিত এবং ব্যয়বহুল। নিউ ইয়র্কে বেসরকারি বিমা সুবিধা থাকা ব্যক্তিদের তুলনায়, নিউ ইয়র্কের মেডিকেইড সদস্যগণ যারা ক্যান্সার বা অন্যান্য চিকিৎসা নিচ্ছেন, তাদের জন্য গর্ভধারণ সংরক্ষণ সংশ্লিষ্ট পরিষেবার কভারেজ নেই, ফলে তাদের নিজস্ব অর্থ ব্যয় করতে হয় বা চিকিৎসাটি তারা নিতে পারে না। 2002 সাল থেকে, নিউ ইয়র্ক একটি বন্ধ্যাত্ব পুনরুদ্ধার ভর্তুকিমূলক প্রোগ্রামে (Infertility Reimbursement Program) সহায়তা করে আসছে যা অপ্রতুল বিমা সুবিধা প্রাপ্ত রোগীদের বন্ধ্যাত্ব চিকিৎসা ব্যয় বহন করতে সাহায্য করে। তবে, প্রোগ্রামের সীমাবদ্ধ যোগ্যতার মানদণ্ডের কারণে সুবিধা পাওয়ার যোগ্য অনেক রোগীই এর সুবিধা পায় না। গভর্নর Hochul (হোকল) নতুন একটি আইন প্রস্তাব করবেন যা মেডিকেইড সদস্যদের জন্য বন্ধ্যাত্ব সৃষ্টি করতে পারে এমন চিকিৎসা সেবার ক্ষেত্রে উর্বরতা সংরক্ষণ সংশ্লিষ্ট সেবার কভারেজ প্রদান করবে, পাশাপাশি স্টেটের বন্ধ্যাত্ব পুনরুদ্ধার প্রোগ্রাম -এর যোগ্যতা সম্প্রসারণ করবে, যাতে আরো বেশি নিউ ইয়র্কবাসী তাদের আয় বা চিকিৎসা সংশ্লিষ্ট পটভূমি ব্যতিরেকে তাদের পরিবার শুরু করার স্বপ্ন পূরণ করতে পারে।

অভিভাবকদের অংশীদারিত্বমূলক প্রকল্প প্রতিষ্ঠা (Parent Partnership Project)
অনেক পরিবারই নতুন শিশু নিয়ে এবং তাদের জন্য বিদ্যমান রিসোর্স ও তথ্য সহায়তার ব্যাপারে সচেতন না হয়েই হাসপাতাল ত্যাগ করে। একটি শিশুকে বড় করতে একটি গ্রাম প্রয়োজন এবং অভিভাবকদের জন্য স্টেট কর্তৃক প্রদত্ত বিভিন্ন সহায়তা, যেমন- শিশু যত্নের ভর্তুকি এবং বাড়িতে পরিদর্শন পরিষেবা, আরো ভালোভাবে বোঝানো হলে, তা শিশুদের জন্য আদর্শ ফলাফল নিশ্চিত করবে। গভর্নর Hochul (হোকল) একটি প্যারেন্ট রিসোর্স সেন্টার ওয়েবপেজ চালু করবেন যা শিশুর বিকাশ এবং স্কুল প্রস্তুতির বিষয়ে তথ্য প্রদান করবে, স্টেটজুড়ে OBGYN এবং শিশু বিশেষজ্ঞ অফিসগুলোর সাথে অংশীদারিত্ব করবেন যাতে পরিবারগুলো স্টেটের রিসোর্স সম্পর্কে তথ্য পেতে পারে এবং 2025 সালের গ্রীষ্মে স্টেটে উদ্যানগুলোতে একটি আউটডোর সাহিত্য ভিত্তিক কর্মসূচি চালু করবেন।

সাশ্রয়ী মূল্যের শিশু যত্নের অ্যাক্সেস উন্নত করা

শিশু যত্ন প্রদানকারীদের জন্য মূলধন ভিত্তিক অনুদানের ব্যবস্থা করা
শিশু যত্ন প্রদানকারীদের নতুন সিট খোলার এবং বাড়তি শিশুদের সেবা নিশ্চিতের সুবিধার্থে, গভর্নর Hochul (হোকল) শিশু যত্ন কেন্দ্রগুলোর সংস্কার এবং নতুন কেন্দ্র নির্মাণের জন্য বিশেষত শিশু যত্নের অভাবপূর্ণ অঞ্চলে শিশু যত্ন প্রদানকারীদের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলারের মূলধন অনুদান প্রদান করবেন। এছাড়াও, 10 মিলিয়ন মার্কিন ডলারের পরিবার-ভিত্তিক শিশু যত্ন প্রদানকারীদের জন্য তাদের বাড়ি ভিত্তিক শিশু যত্ন কেন্দ্রগুলোর সংস্কার ও মেরামতের জন্য প্রদান করা হবে।

শিশু যত্নের 'সাবস্টিটিউট পুল' চালু করা
গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ক স্টেটের পরিবারগুলোকে সহায়তা করার জন্য যে পদক্ষেপগুলো নিয়েছেন, তার ভিত্তিতে তিনি একটি শিশু যত্ন "সাবস্টিটিউট পুল" চালুর প্রস্তাব দিয়েছেন যা নির্ভরযোগ্য এবং পরীক্ষিত পেশাদারদের অন্তর্ভুক্ত করবে যারা শিশু যত্ন কর্মীরা কাজে আসতে না পারলে পরিবারের জন্য যত্নের ধারাবাহিকতা নিশ্চিত করতে সহায়তা করবে।

শিশু যত্নের জন্য নিউ ইয়র্ক জোট গঠন করা
গভর্নর পূর্বে নিউ ইয়র্ক কোয়ালিশন ফর চাইল্ড কেয়ার (New York Coalition for Child Care) গঠনের উদ্দেশ্য ঘোষণা করেছেন — এটি একটি বৃহৎ উদ্যোগ যা নিউ ইয়র্কের ব্যবসায়ী নেতৃবৃন্দ, শ্রমিক ইউনিয়ন, কর ও রাজস্ব বিষয়ক বিশেষজ্ঞ এবং শিশু সেবা প্রদানকারীদের অন্তর্ভুক্ত করবে যাতে সর্বজনীন শিশু সেবার ক্ষেত্রে টেকসই রাজস্ব এবং তহবিলের উৎস চিহ্নিত করা যায়।

গভর্নরের লক্ষ্য হলো নিউ ইয়র্কে সার্বজনীন শিশু সেবা অর্জন নিশ্চিত করা। গভর্নর Hochul (হোকল) শিশু যত্ন সহায়তার জন্য যোগ্যতা ব্যাপকভাবে সম্প্রসারণ করেছেন এবং নিউ ইয়র্কের চাইল্ড কেয়ার অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামে (Child Care Assistance Program, CCAP) গত বছর ব্যাপকভাবে ভর্তি বৃদ্ধি পেয়েছে, তবুও অনেক পরিবার — আয় সীমা CCAP-এর যোগ্যতা ছাড়িয়ে যাওয়া ব্যক্তিরাও — যত্নের ব্যয় বহনে সংগ্রাম করছে। তদানুসারে, কোয়ালিশন বিদ্যমান শিশু সেবার ভর্তুকি ব্যবস্থায় সম্প্রসারণের জন্য তহবিলের সুপারিশ করবে এবং মধ্যম- এবং উচ্চ আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য শিশু সেবা খরচ কমানোর জন্য আরো বিকল্প ব্যবস্থা নিশ্চিত করবে। এই মাসের শুরুতে, চাইল্ড কেয়ার অ্যাভেইলেবিলিটি টাস্ক ফোর্স (Child Care Availability Task Force) সুপারিশ করেছে যে স্টেটকে ফেডারেল আয় সীমার 85 শতাংশের বাইরের পরিবারগুলোকে সহায়তা প্রদানের জন্য পদক্ষেপ গ্রহণ করা উচিত এবং কোয়ালিশনের কাজ হবে সেই লক্ষ্য অর্জনের জন্য আর্থিক সমাধান নিশ্চিত করা।

প্রয়োজন আছে এমন নিউ ইয়র্কবাসীদের জন্য খাদ্য ও পুষ্টি

2.7 মিলিয়নেরও বেশি শিক্ষার্থীর জন্য সমস্ত স্কুল খাবারের ব্যয় বহন করা
গভর্নর পূর্বে একটি ঐতিহাসিক উদ্যোগ ঘোষণা করেছিলেন যাতে নিউ ইয়র্কের 2.7 মিলিয়ন শিক্ষার্থীর সবাই স্কুলে বিনামূল্যে সকালের নাস্তা এবং মধ্যাহ্নভোজের সুবিধা পেতে পারে। এই গুরুত্বপূর্ণ উদ্যোগটি গভর্নরের সাশ্রয়ীতা এজেন্ডার উপর ভিত্তি করে গৃহীত এবং এটি অভিভাবকদের টাকা সাশ্রয় করতে, নিউ ইয়র্কের শিশুদের মধ্যে খাদ্য নিরাপত্তাহীনতা মোকাবেলা করতে এবং শিক্ষার্থীদের সফল হওয়ার জন্য আরো সুযোগ তৈরি করতে সাহায্য করবে।

মা এবং শিশুদের জন্য গুরুত্বপূর্ণ পুষ্টি প্রোগ্রামের অ্যাক্সেস বৃদ্ধি
পঞ্চাশ বছরেরও বেশি সময় ধরে, মহিলা, শিশু এবং গর্ভবতী মহিলাদের জন্য বিশেষ পরিপূরক পুষ্টি প্রোগ্রাম মহিলা এবং শিশুদের স্বাস্থ্য গঠন এবং রক্ষা করতে অপরিহার্য ভূমিকা পালন করে আসছে। 2020 সাল থেকে, প্রোগ্রামটি প্রায় 25 শতাংশ বৃদ্ধি পেয়ে বর্তমানে 445,000 জনেরও

বেশি নিবন্ধিত ব্যক্তিকে সেবা প্রদান করছে। বাড়তি চাহিদা মেটাতে, গভর্নর Hochul (হোকল) প্রোগ্রামটিকে 475,000 জনে সম্প্রসারিত করবেন যাতে তারা পুষ্টিকর খাবার এবং প্রয়োজনীয় সেবা পায়। এই বিনিয়োগগুলো আরও দশ হাজার নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও সুস্থতা উন্নত করবে এবং স্টেটের লক্ষ্য অনুযায়ী WIC নিবন্ধনের ক্ষেত্রে একটি জাতীয়ভাবে শীর্ষস্থানীয় হওয়ার দিকে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করবে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্ট্যান্স (Office of Temporary and Disability Assistance) কমিশনার Barbara C. Guinn (বারবারা সি. গুইন) বলেন, "একটি শিশু পৃথিবীতে আসা মানে তা আনন্দদায়ক অভিজ্ঞতা, তবে এটি পরিবারগুলোর জন্য বাড়তি খরচ নিয়ে আসে যা ইতোমধ্যেই আর্থিক কষ্টে থাকা পরিবারগুলোর জন্য বিশেষত কঠিন হতে পারে। আজ গভর্নর Hochul (হোকল) কর্তৃক ঘোষণা করা এই উদ্যোগগুলো পরিবারের জন্য বিদ্যমান রিসোর্সের পরিসর ব্যাপকভাবে বৃদ্ধি করতে পারে যাতে তারা তাদের শিশুদের অর্থনৈতিক এবং মানসিকভাবে ভালোভাবে সহায়তা করতে সক্ষম হয় এবং একটি ভিত্তি প্রতিষ্ঠা করতে পারে যা মাতৃস্বাস্থ্যের এবং শিশুদের বিকাশের উন্নতি ঘটাবে। আমরা গভর্নরকে ধন্যবাদ জানাই যে তিনি শিশু এবং পরিবারের জন্য এমনভাবে বিনিয়োগ করেছেন যা এই শিশুদের জন্য শিক্ষাগত, স্বাস্থ্যগত এবং অর্থনৈতিক ফলাফল উন্নত করবে।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস (Office of Children and Family Services, OCFS)-এর কমিশনার Dr. DaMia Harris-Madden (ডা. দামিয়া হ্যারিস-ম্যাডেন) বলেন, "দেশব্যাপী শিশুর যথাযথ যত্নের অভাবের কারণে প্রতি বছর 122 বিলিয়ন মার্কিন ডলারের আয়, উৎপাদনশীলতা এবং রাজস্ব হারিয়ে যাচ্ছে। শিশু যত্ন সংশ্লিষ্ট অবকাঠামোগুলোতে বিনিয়োগ করা হলে তা শিশু যত্নে জড়িত কর্মীশক্তিকে সমর্থন এবং সরকারি ও বেসরকারি খাতের সঙ্গে সক্রিয় অংশীদারিত্বের মাধ্যমে আমাদের অভিভাবক এবং সেবাদানকারীদের জন্য ইতিবাচক ফলাফল বয়ে আনবে। এমন একটি সরকার থাকাটা জরুরি যা শিশু যত্নের এজেন্ডাকে অগ্রাধিকার দেবে এবং উন্নতমানের শিশু যত্ন পরিষেবা শক্তিশালী ও উন্নত করার মাধ্যমে সর্বজনীন শিশু যত্নের লক্ষ্য অর্জনে কাজ করে যেটি প্রকৃতপক্ষে অনেক বেশি অনুপ্রেরণাদায়ক। নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবারগুলোর চাহিদা পূরণের জন্য উদ্ভাবনী পদক্ষেপ গ্রহণে গভর্নর Hochul (হোকল)-এর সর্বশেষ প্রস্তাবনাগুলো তার প্রতিশ্রুতির প্রতিফলন যা শিশুদের জন্য নিরাপদ ও লালনশীল পরিবেশ নিশ্চিত করা এবং ইতিবাচক যুব উন্নয়নকে উৎসাহিত করার সুযোগ প্রদান করে, বিশেষ করে যখন তাদের পিতামাতা কর্মস্থলে ব্যস্ত থাকেন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন